ঈদুল আজহার সম্ভাব্য তারিখ ঘোষণা আরব আমিরাতের



সংগৃহীত ছবি

সংযুক্ত আরব আমিরাতে পবিত্র ঈদুল আজহার সম্ভাব্য তারিখ হিসেবে আগামী ২৭ মে নির্ধারণ করা হতে পারে বলে জানিয়েছেন দেশটির জ্যোতির্বিজ্ঞানীরা। স্থানীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, বৈজ্ঞানিক হিসাব অনুযায়ী ১৭ মে জিলহজ মাসের চাঁদ দেখা যাওয়ার জোর সম্ভাবনা রয়েছে।

আমিরাতের অ্যাস্ট্রোনমি সোসাইটির চেয়ারম্যান ইব্রাহিম আল জারওয়ান জানান, ১৭ মে রাতেই নতুন চাঁদের জন্ম হবে এবং সূর্যাস্তের পর প্রায় এক ঘণ্টা পর্যন্ত তা দিগন্তে দৃশ্যমান থাকতে পারে। আবহাওয়া অনুকূলে থাকলে খালি চোখেই চাঁদ দেখা সম্ভব বলেও মত দিয়েছেন তিনি।

চাঁদ দেখা গেলে ১৮ মে থেকে জিলহজ মাস শুরু হবে। সে অনুযায়ী, ২৬ মে আরাফার দিন এবং ২৭ মে উদযাপিত হবে পবিত্র ঈদুল আজহা। তবে চূড়ান্ত সিদ্ধান্ত দেবে দেশটির চাঁদ দেখা কমিটি।

এদিকে পাকিস্তানের রুয়েত-ই-হিলাল গবেষণা কাউন্সিলও একই সম্ভাবনার কথা জানিয়েছে। বিশেষজ্ঞদের মতে, সৌদি আরব ও পাকিস্তানে এবার একই দিনে ঈদ হওয়ার সম্ভাবনা প্রবল। যদিও আবহাওয়া প্রতিকূল হলে চাঁদ দেখা নাও যেতে পারে, সেক্ষেত্রে ঈদ একদিন পিছিয়ে ২৮ মে অনুষ্ঠিত হতে পারে।